বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন ::: দূর-শিক্ষাকেন্দ্র

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম ::: দ্বিতীয় ষাণ্মাসিক : ৪র্থ পত্র

বাংলা সাহিত্যের পাঠকৃতি: গদ্য ও পদ্য সংকলন

হোম অ্যাসাইনমেন্ট : ২০২৫-২৬ (নবম বর্ষ)

পূর্ণমান : ২০

**পরীক্ষার্থীদের উত্তরগুলো নিজস্ব ভাষায়, নিজের হাতে লিখতে হবে**

**মূল পাঠ্যবই থেকে সরাসরি লিখে দিলে নম্বর কাটা যাবে।**

(১) যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (প্রতিটি ৫০ শব্দে): (২ × ২ = ৪)

ক) 'বঙ্গভাষা' কবিতার মূল বক্তব্য সংক্ষেপে লিখুন।

খ) প্রার্থনা হিসেবে 'বিপদে মোরে রক্ষা কর' কবিতাটি কেন ভিন্নধর্মী—এর যথার্থতা ব্যাখ্যা করুন।

গ) 'কাণ্ডারী হুঁশিয়ার' কবিতায় সমসাময়িক সমাজের কোন প্রাসঙ্গিকতা প্রতিফলিত হয়েছে?

ঘ) "হিন্দু না ওরা মুসলিম ওই জিজ্ঞাসে কোন জন?"—এই উক্তিটি কার উদ্দেশে বলা হয়েছে?

(২) যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (প্রতিটি ৫০ শব্দে): (২ × ২ = ৪)

ক) "হঠাৎ গৃহপালিত ময়ূরের ডাক শুনিয়া আমার বন্ধু বলিয়া উঠিলেন"—বন্ধু কী বলেছিলেন? ময়ূরের ডাকটি কেমন—শ্রুতিমধুর, না অন্যরকম?

খ) সেন্সাসকে কেন্দ্র করে হিন্দু ও মুসলিমদের মধ্যে কী ধরনের আলোচনা হয়? এটি কি সুস্থ চিন্তার পরিচয়?

গ) 'বাল্য ও কৈশোরে বই পড়ার স্মৃতি' নিবন্ধ অনুসারে সুজিৎ চৌধুরী-এর শৈশবে পড়া প্রিয় বইগুলোর একটি তালিকা দিন।

ঘ) অতি সংক্ষিপ্ত টীকা লিখুন:

- দাদুরি
- সেন্সাস
- গহনগিরির সন্ন্যাসী

(৩) যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (প্রতিটি ৫০ শব্দে): (২ × ২ = ৪)

ক) আপনার পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত সবচেয়ে ছোট গল্পটির নাম লিখুন। গল্পটি কার রচনা?

খ) 'গুরুমশায়ের পাঠশালা' কার রচনা? এই আখ্যান অবলম্বনে নির্মিত বিখ্যাত চলচ্চিত্রটি কে তৈরি করেছেন?

গ) 'পাদটীকা' শব্দের অর্থ কী? গল্পটির যেকোনো দুইটি চরিত্রের নাম লিখুন।

ঘ) সংক্ষিপ্ত টীকা লিখুন:

- কিশোর সাহিত্য
- ছোটগল্প
- সত্যজিৎ রায়

পূর্ণমান : ২০

**পরীক্ষার্থীদের উত্তরগুলো নিজস্ব ভাষায়, নিজের হাতে লিখতে হবে**
**মূল পাঠ্যবই থেকে সরাসরি লিখে দিলে নম্বর কাটা যাবে।**

(৪) যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (প্রতিটি ৫০ শব্দে): (২ × ২ = ৪)

ক) বরাক অঞ্চলের মণিপুরি মৎস্যজীবীদের জীবন নিয়ে লেখা গল্পটির রচয়িতা কে? গল্পের নামটি কী? গল্পের শেষে মুক্তা কেন চিৎকার করে ওঠে?

খ) ডিমাসা গল্পে 'নামাই' শব্দের অর্থ কী? গল্পে বর্ণিত জুমিয়ার কী কী প্রাণী ছিল? সে প্রাণীগুলোকে কোন কাজে ব্যবহার করত?

গ) 'তৃতীয় নেত্র' গল্পটির লেখক কে? গল্পটি কোন ভাষা থেকে অনূদিত? গল্পটির কথক (narrator) কে—কার বাচনে গল্পটি বলা হয়েছে?

ঘ) 'জুম' বলতে কী বোঝায়? জুম চাষে কী উৎপাদিত হয়? উত্তর কাছাড় (ডিমা হাসাও) অঞ্চলে কোন কোন জনজাতি জুম চাষ করে?

(৫) যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন (১৫০ শব্দের মধ্যে): (৪ × ১ = ৪)

ক) আপনার পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত 'সাজাহান' নাটকের প্রধান চরিত্রগুলোর নাম লিখুন। এই অংশটি পড়ে কোন চরিত্রটি আপনার সবচেয়ে ভালো লেগেছে? কেন?

খ) 'সাজাহান' নাট্যাংশটি মঞ্চস্থ করতে হলে কী কী উপাদান প্রয়োজন—যেমন:

- চরিত্রের পোশাক-পরিচ্ছদ
- মঞ্চসজ্জা (দৃশ্যপট)
- বসার আসন
- আলো
- শব্দ, ধ্বনি ও সংগীত

আপনার কল্পনা অনুযায়ী বর্ণনা করুন।